

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৬৫.০৩২.২১.০০.০০২.২০১৫-২৬৮

তারিখ: ০৭-১০-২০১৮ খ্রি:


বিষয়: আইএফএম ওপি'র ২০১৮-২০১৯ অর্থবছরের জিওবি (উন্নয়ন) এবং আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (সার্ভিসেস)-এ প্রশাসনিক অনুমোদন।

সূত্র: স্মারক নং-৪৫.১৩১.০৯৪.০০.০০.০১৭.২০১৭-২৫৩, তাং-২৭-০৯-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রে প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, Improved Financial Management (IFM) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের ১টি প্যাকেজের বিপরীতে ২১.০০ লক্ষ (একুশ লক্ষ) টাকা এবং আরপিএ (জিওবি) খাতের ১টি প্যাকেজের বিপরীতে ৭০.০০ লক্ষ (সত্তর লক্ষ) টাকাসহ মোট (২১.০০+৭০.০০)= ৯১.০০ লক্ষ (একানব্বই লক্ষ) টাকার প্রকিউরমেন্ট প্ল্যান (সার্ভিসেস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (গ) Outsourcing of OP staff এর ক্ষেত্রে অর্থ বিভাগের ০৭-০৮-২০০৮ তারিখের অম/ব্যঃনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭ সংখ্যক পত্রের আউট সোর্সিং সংক্রান্ত নীতিমালা অনুসরণ করতে হবে;
- (ঘ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (ঙ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (চ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

অতিরিক্ত সচিব (আ. ব্য. অ.)

ও

লাইন ডাইরেক্টর

ইমপ্লুভড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট (আইএফএম)

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।